"রাজস্বের প্রবৃদ্ধি"    "টেকসই সমৃদ্ধি"

16555 VAT ONLINE CONTACT CENTER

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা
khulnavathq@gmail.com
Fax : ০৪১-৭৬০৭৫৮


নথি নং-২য়/৫(৩য়)১-ইটি/নিয়োগ/২০১৪/২৪৭৫    তারিখ ঃ ২৯/০৫/২০২২ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০০২.১৯.৩৭৫, তারিখ-২০/১২/২০২১ খ্রিঃ এর মাধ্যমে প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এর নিম্নে বর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে Online-এ http://khulnavat.teletalk.com.bd এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রম নং | পদের নাম বেতন স্কেল | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কম্পিউটার অপারেটর ১২৫০০-৩২২৪০/- (গ্রেড-১১) | ০২ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ২ | সাঁটলিপিকার কাম- কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে সবনিম্ন গতি যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং টাইপিং এ সর্বনিম্ন ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৩ | উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১৯ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং কম্পিউটার টাইপিং এ ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৪ | ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রী এবং সরকারী নিয়ম অনুসারে জামানত জমা সাপেক্ষে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৫ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৩ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ৭০ ও ৪৫ শব্দ এবং টাইপিং এ ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৬ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৭ | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং ইংরেজী ও বাংলায় টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ ও ২০ শব্দের গতি থাকতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৮ | গাড়ী চালক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৭ টি | ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী এবং ড্রাইভিং-এ ন্যূনপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ৯ | সিপাই ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ৬০ টি | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে উচ্চতা ৫´-৪´´ (পুরুষ), ৫´-২´´ (মহিলা) উভয়ক্ষেত্রে বুকের মাপ ৩০´´ হতে ৩২´´সহ শারীরিক ফিটনেস পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ১০ | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৯ টি | কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |
| ১১ | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৩টি | কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, মাদারীপুর ও শরীয়তপুর জেলা। |

### শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ০১/০৬/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণকে Online-এ আবেদনপত্র দাখিলের পর এবং মৌখিক পরীক্ষার পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষ (কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খালিশপুর, খুলনা বরাবর প্রেরণ করতে হবে।

০৩। একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০৪। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৫। শারীরিক/ব্যবহারিক/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

০৬। লিখিত ও প্রযোজ্য ক্ষেত্রে প্রাক্টিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের সময় প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

০৭। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। জনবল নিয়োগের ক্ষেত্রে সরকারের জারীকৃত সর্বশেষ পরিপত্র/নীতিমালা/আদেশ মোতাবেক সকল প্রকার কোটা নীতিসহ অন্যান্য নিয়মাবলী অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

০৯। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। ১৪/০২/২০১৫ খ্রিঃ তারিখে "দৈনিক যুগান্তর ও দি ডেইলি নিউ এইজ" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী যে সকল আবেদনকারী আবেদন এ দপ্তরে দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। ঐ সকল আবেদনকারীদের মধ্য হতে এ দপ্তর কর্তৃক চাকুরীর বিজ্ঞপ্তিতে প্রকাশিত সকল শর্তাদি পরিপালনপূর্বক যথাযথ কাগজপত্রাদি দাখিল করেছিলেন সে সকল প্রার্থী চাকুরীর পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন এবং প্রার্থীদের তালিকা www.khulnavat.gov.bd তে প্রকাশ করা হবে।

১১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীকে http://khulnavat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৬/২০২২ খ্রিঃ সকাল ১০:০০ টা
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১/০৬/২০২২ খ্রিঃ বিকাল ০৫:০০ টা
উক্ত সময়সীমার মধ্যে উক্ত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন (Colour) ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এর সঠিকতার বিষয়টি PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে উপরের টেবিলের ক্রমিক নং-১ হতে ৮ (গ্রেড ঃ ১১-১৬)-এ বর্ণিত পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা এবং ক্রমিক নং-৯ থেকে ১১ (গ্রেড ঃ ১৭-২০) এ বর্ণিত পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা পরীক্ষার ফি বাবদ অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: KHULNAVAT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: KHULNAVAT ABCDEF**

Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678.To pay feeType KHULNAVAT<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: KHULNAVAT<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:KHULNAVAT YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for XXXX Application for xxxxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, ও অন্যান্য তথ্য ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/khulnavat.teletalk.com.bd অথবা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এর ওয়েবসাইটে (Website: www.khulnavat.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি শারীরিক/ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময়ে ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়সহ উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে):
i. User ID জানা থাকলে KHULNAVAT<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: KHULNAVAT HELP USER ABCDEF
ii. PIN Number জানা থাকলে:
KHULNAVAT<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: KHULNAVAT HELP PIN 12345678

ঝ. অনলাইনে আবেদন করতে সমস্যা হলে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা khulnavathq@gmail.com এ ইমেইল, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: KHULNAVAT, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঞ. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা পরিবর্তন, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/০৫/২০২২

(মোঃ তাসনিমুর রহমান)
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা